

আফসার আমেদের কথাসাহিত্যে মুসলিম নারীর জীবন

পিএইচ.ডি উপাধি লাভের জন্য প্রদত্ত গবেষণা অভিসন্দর্ভ

তত্ত্বাবধায়ক

অধ্যাপক অনন্যা বড়ুয়া

গবেষক

আঞ্জুমান লিপি

নিবন্ধভুক্তি সংখ্যা: A00BE0400118

বর্ষ: ২০১৮

বাংলা বিভাগ

যাদবপুর বিশ্ববিদ্যালয়

কলকাতা - ৭০০০৩২

২০২২

ভারতবর্ষ একটি ধর্মনিরপেক্ষ, গণতান্ত্রিক, সাধারণতন্ত্র। স্বাধীনতার সত্তর বছর পরে, সংখ্যালঘু মুসলিম সম্প্রদায়ের অশিক্ষা ও পশ্চাদপদতার মর্মান্তিক রূপ সামনে আসে ২০০৬ সালে প্রকাশিত সাচার কমিটির রিপোর্টে। পশ্চিমবঙ্গের বাঙালি মুসলিমদের এই সামগ্রিক সংকট, আফসার আমেদ তাঁর কথাসাহিত্যে তুলে ধরেছেন। আমার গবেষণার বিষয়, ‘আফসার আমেদের কথাসাহিত্যে মুসলিম নারীর জীবন’। গবেষণা অভিসন্দর্ভটি নিম্নলিখিত অধ্যায়ে বিন্যস্ত করা হয়েছে--

ভূমিকা,

- ১) প্রথম অধ্যায়—কথাসাহিত্যিক আফসার আমেদঃ জীবন ও সাহিত্য,
- ২) দ্বিতীয় অধ্যায়—আফসার আমেদের কথাসাহিত্যে মুসলিম নারীর জীবন: ১৯৮০- ১৯৯০,
- ৩) তৃতীয় অধ্যায়-- আফসার আমেদের কথাসাহিত্যে মুসলিম নারীর জীবন: ১৯৯১-২০০০,
- ৪) চতুর্থ অধ্যায়-- আফসার আমেদের কথাসাহিত্যে মুসলিম নারীর জীবন: ২০০১-২০১০,
- ৫) পঞ্চম অধ্যায়-- আফসার আমেদের কথাসাহিত্যে মুসলিম নারীর জীবন: ২০১১-২০১৮,
- ৬) ষষ্ঠ অধ্যায়—আফসার আমেদের সমসাময়িক অন্যান্য কথাকারদের রচনায় মুসলিম নারীর জীবন,

উপসংহার।

ভূমিকা— পশ্চিমবঙ্গের মুসলিমসমাজের পশ্চাদপদতার কারণ অনুসন্ধান।

প্রথম অধ্যায়— জন্ম থেকে মৃত্যু পর্যন্ত আফসার আমেদের ব্যক্তিজীবন, শিক্ষাজীবন, কর্মজীবন ও সাহিত্যজীবন সম্পর্কে আলোচনা।

দ্বিতীয় অধ্যায়— দরিদ্র, অশিক্ষিত ও পশ্চাদপদ মুসলিম জনসমাজে প্রচলিত ধর্মীয় বিধান তথা সংস্কার, মুসলিম নারীর জীবনে কতটা আনন্দ বা বেদনা বয়ে আনে, তার একটা সুস্পষ্ট রেখাচিত্র অঙ্কন করেছেন লেখক ‘ঘরগেরস্তি’, ‘স্বপ্নসম্ভাষ’, ‘সানু আলির নিজের জমি’, ‘বসবাস’, ‘আত্মপরিচয়’ প্রভৃতি উপন্যাসের পাশাপাশি কিছু ছোটগল্পে।

তৃতীয় অধ্যায়— ‘অন্তঃপুর’, ‘ধানজ্যোৎস্না’, ‘সঙ্গ-নিঃসঙ্গ’, ‘ব্যথা খুঁজে আনা’, ‘বিবির মিথ্যা তালাক ও তালাকের বিবি এবং হলুদ পাখির কিসসা’ প্রভৃতির মধ্য দিয়ে শহুরে মানুষের জীবনযন্ত্রণা, হিন্দু-মুসলিম পরিণয় তথা দাঙ্গা ও কিসসার আলোচনা উঠে এসেছে এই অধ্যায়ে।

চতুর্থ অধ্যায়-- সময়ের সঙ্গে সঙ্গে মুসলিম নারীর জীবনে যে একটি সূক্ষ্ম পরিবর্তন এসেছে, তার অভিব্যক্তি 'মেটিয়াবুরুজে কিসসা', 'অশ্রমঙ্গল', 'প্রেমপত্র', 'হিরে ও ভিখারিনি সুন্দরী রমণী কিসসা' প্রভৃতি উপন্যাস ও ছোটগল্পে রূপায়িত।

পঞ্চম অধ্যায়-- সাহিত্য অকাদেমি পুরস্কারপ্রাপ্ত উপন্যাস 'সেই নিখোঁজ মানুষটা'য় লেখকের অসাধারণ কৃতিত্বের প্রতি আলোকপাত করা হয়েছে।

ষষ্ঠ অধ্যায়--আফসার আমেদের সমসাময়িক অন্যান্য কথাকারদের তুলনায়, মুসলিম নারীর প্রতি লেখকের স্বতন্ত্র দৃষ্টিভঙ্গির দিকটি প্রকাশিত।

উপসংহার-- গবেষণাসন্দর্ভটির একটি সামগ্রিক মূল্যায়নের চেষ্টা, পাশাপাশি আফসার আমেদের বৈচিত্র্যপূর্ণ সাহিত্যসম্ভারের বিভিন্ন দিক নিয়ে, গবেষণার স্বতন্ত্র অবকাশের দিকটিও প্রসঙ্গক্রমে উল্লেখ্য।